**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 12-07-2025** **Desk in Charge : SDG**
**Time: 7.50 PM** **Editor : Prajesh B.**
**DEO : KB** **NR : Priya B.**

**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ

বিশেষ বিশেষ খবরঃ-

১) পশ্চিমবঙ্গ সহ দেশের সর্বত্র ‘রোজগার মেলা’য়, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ৫১ হাজারের বেশী চাকরী প্রাপকদের হাতে নিয়োগ পত্র তুলে দিয়েছেন।

# পশ্চিমবঙ্গের কলকাতা, খড়গপুর ও শিলিগুড়িতে ৪৪৯ জনের হাতে নিয়োগ পত্র তুলে দেওয়া হয়েছে।

২/ আগামী ১৮ই জুলাই দলীয় কর্মসূচীতে অংশ নিতে পশ্চিমবঙ্গে আসছেন প্রধানমন্ত্রী।

৩/ রাজ্য সরকারের নির্দেশে পুলিশ, বাংলাদেশী সন্দেহে ভিন রাজ্যে আটক হওয়া এই রাজ্যের পরিযায়ী শ্রমিকদের সম্বন্ধে তথ্য সংগ্রহ শুরু করেছে।

৪/ কলকাতার জোকা IIM–এ এক তরুণীকে যৌন নির্যাতনের ঘটনায় মূল অভিযুক্ত ছাত্র পরমানন্দ তোপওয়াকারকে ১৯শে জুলাই পর্যন্ত পুলিশ হেফাজতের নির্দেশ।

# শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার এই ঘটনায় IIM-এর কাছে রিপোর্ট চেয়েছেন।

৫/ বিশ্ব ব্যাঙ্কের আর্থিক সহায়তায় স্ট্রোক, হৃদরোগ ও ডায়াবেটিক রোগীদের ওষুধ সরবরাহের জন্য রাজ্য সরকার ‘উন্নত স্বাস্থ্য’ নামে একটি নতুন প্রকল্প শুরু করতে চলেছে।

৬/ ‘সবুজ বাঁচাও’ স্লোগানের মধ্য দিয়ে, রাজ্যজুড়ে আজ বনমহোৎসবের সূচনা হয়েছে।

***********************************************************************

দেশ জুড়ে আজ ৪৭ টি জায়গায় অনুষ্ঠিত হয়েছে ১৬-তম 'রোজগার মেলা'। দেশের অন্যান্য জায়গার সঙ্গে পশ্চিমবঙ্গেও তিনটি স্থানে এই মেলার আয়োজন হয়। ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ৫১ হাজারেরও বেশি চাকরি প্রাপকদের হাতে নিয়োগপত্র তুলে দেন। এই উপলক্ষ্য আয়োজিত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন, সরকার যে যুব সম্প্রদায়ের ক্ষমতায়ন ও তাদের মাধ্যমে বিকশিত ভারত গড়ার লক্ষ্যে সংকল্পবদ্ধ, রোজগার মেলা তার প্রমাণ। ভারতের দুই শক্তি-গণতন্ত্র ও জনবিন্যাস, আমাদের দেশের পক্ষে বিশেষভাবে সুবিধাজনক বলে প্রধানমন্ত্রী মন্তব্য করেন।

( বাইট- PM ইয়ুথ )

পশ্চিমবঙ্গের কলকাতা, খড়্গপুর ও শিলিগুড়িতে আয়োজিত হয় এই রোজগার মেলা। কলকাতার শিয়ালদায় বি সি রায় অডিটোরিয়ামে ২১৫ জনের হাতে নিয়োগপত্র তুলে দেওয়া হয়। অনুষ্ঠানে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী ডক্টর সুকান্ত মজুমদার ২৫ জনের হাতে নিয়োগপত্র তুলে দেন। খড়্গপুরে দক্ষিণ পূর্ব রেলের সুপারইভাইজার ট্রেনিং সেন্টারে রোজগার মেলায় ১৫৫ জনের হাতে নিয়োগপত্র তুলে দেন খড়্গপুরের বিধায়ক হিরণ চট্টোপাধায়। শিলিগুড়ির কাশ্মীর কলোনীর রেল অডিটোরিয়ামে কেন্দ্রীয় সড়ক ও পরিবহন দপ্তরের প্রতিমন্ত্রী অজয় টামটা, ৭৯ জনের হাতে চাকরীর নিয়োগপত্র তুলে দেন।

অন্য এক প্রসঙ্গে মন্ত্রী বলেন, সড়ক উন্নয়নের জন্য রাজ্য সরকার জমি দিলে, কাজ ত্বরান্বিত হবে।

( বাইট- অজয় টামটা )

এদিকের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সাংসদ জয়ন্ত  রায়, বিধায়ক শঙ্কর ঘোষ প্রমুখ।

******************

বর্ষীয়ান বিজেপি নেতা ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দলীয় কর্মসূচিতে অংশ নিতে ১৮'ই জুলাই শুক্রবার, এ'রাজ্যে আসছেন। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য জানিয়েছেন, বিহারের মোতিহারী থেকে দুপুরে প্রধানমন্ত্রী

অন্ডাল বিমানবন্দরে এসে পৌঁছাবেন। সেখান থেকে দুর্গাপুরে নেহেরু স্টেডিয়ামে গিয়ে জনসভায় অংশ নেবেন।

*****************

রাজ্য সরকারের নির্দেশে পুলিশ, বাংলাদেশী সন্দেহে ভিন রাজ্যে আটক হওয়া এই রাজ্যের পরিযায়ী শ্রমিকদের সম্বন্ধে তথ্য সংগ্রহ শুরু করেছে। রাজ্যের কোনো পরিযায়ী শ্রমিককে আটক করা হয়েছে এইরকম খবর পেলে, তার সত্যতা যাচাই-এর জন্য প্রথমে সংশ্লিষ্ট রাজ্যের জেলা প্রশাসনের সঙ্গে যোগাযোগ করা হচ্ছে।

নবান্ন সূত্রে জানা গেছে, এছাড়াও রাজ্যের পরিযায়ী শ্রমিক কল্যাণ পর্ষদ, কর্মসাথী পোর্টাল, স্থানীয় জনপ্রতিনিধি ও শ্রমিকের পরিবারের সদস্যদের কাছ থেকেও তথ্য সংগ্রহ করা হচ্ছে। তাঁদের জন্মের শংসাপত্র, জমির দলিল, বাবা-মা র ভোটার কার্ড সংগ্রহ করে সংশ্লিষ্ট রাজ্যের জেলা প্রশাসনের কাছেও সেই তথ্য পাঠানো হচ্ছে।

এদিকে, গত ৭ই জুলাই ওড়িশার ঝাড়সুগুড়ায় আটক ৪০৩ জন বাংলাভাষী পরিযায়ী শ্রমিককে ছেড়ে দেওয়া হয়েছে বলে পশ্চিমবঙ্গ পরিযায়ী শ্রমিক কল্যান পর্ষদের চেয়ারম্যান সামিরুল ইসলাম জানিয়েছেন।

বিজেপি শাসিত রাজ্যগুলিতে বাংলাভাষী পরিযায়ী শ্রমিকদের ওপর নির্যাতন ও হেনস্থার প্রতিবাদে প্রদেশ কংগ্রেস আজ কোলকাতায় বিক্ষোভ কর্মসূচি পালন করে। প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকারের নেতৃত্বে কলেজ স্কোয়ারে বিক্ষোভ কর্মসূচিতে অংশ নেন প্রাক্তন সাংসদ প্রদীপ ভট্টাচার্য, অমিতাভ চক্রবর্তী, সুমন পাল সহ নেতৃবৃন্দ ও দলের কর্মী সমর্থকরা।

*****************

কলকাতার জোকা IIM–এ তরুণীকে যৌন নির্যাতনের অভিযোগে ধৃত মূল অভিযুক্ত পরমানন্দ তোপওয়াকারকে আজ আলিপুর আদালতে তোলা হলে তাকে ১৯শে জুলাই পর্যন্ত পুলিশ হেফাজতের নির্দেশ দেওয়া হয়েছে। গতরাতে পুলিশ, IIM ক্যাম্পাস থেকে দ্বিতীয় বর্ষের পড়ুয়া পরমানন্দকে গ্রেফতার করে। প্রতিষ্ঠানের নিরাপত্তা রক্ষী ও সিকিউরিটি ইনচার্জকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে।

উল্লেখ্য, গতসন্ধ্যায় পেশায় মনোবিদ ওই তরুণীকে কাউন্সেলিং-এর নাম করে কলেজ ক্যাম্পাসের বয়েজ হোস্টেলে ডেকে পাঠানো হয়। পরে মাদক মিশ্রিত পানীয় খাইয়ে অচৈতন্য করে তার ওপর নির্যাতন চালানো হয় বলে অভিযোগ। ক্যাম্পাসে ঢোকার সময় ওই তরুণীকে ভিজিটার্স বুকে সই করতে'ও দেওয়া হয়নি। সংজ্ঞা ফিরে পেয়ে তরুণী থানায় অভিযোগ দায়ের করেন। অভিযুক্ত যুবক নির্যাতিতার পূর্ব পরিচিত। সামাজিক মাধ্যমে তাঁদের পরিচয় হয় বলে জানা গেছে। পুলিশ বয়েজ হোস্টেলের ওই ঘর থেকে নমুনা সংগ্রহ করেছে।

এদিকে, তরুণীর উপর কোনো নির্যাতন হয়নি বলে তাঁর বাবা দাবি করেছেন। এই দাবির প্রেক্ষিতে কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য বলেন, বিষয়টি এখনও স্পষ্ট নয়। তবে সত্যিই এধরণের ঘোতনা ঘটে থাকলে, তা' অনভিপ্রেত ও দুর্ভাগ্যজনক।

কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার আইআইএম জোকার ঘটনায় ওই প্রতিষ্ঠানের অধিকর্তার কাছে ঘটনার রিপোর্ট চেয়েছেন। শ্রী মজুমদার জানান, আইন শৃঙ্খলা রাজ্যের বিষয়। তাই পুলিশকে উপযুক্ত ব্যবস্থা নিতে বলা হয়েছে।

(বাইট-সুকান্ত)

কংগ্রেস নেতা অধীর চৌধুরী বলেছেন, ধর্ষন-খুনের মতো ঘটনা এখন এরাজ্যের নিত্য নৈমিত্তিক বিষয় হয়ে দাঁড়িয়েছে।

(বাইট-অধীর)

******************

পূর্ব মেদিনীপুরের খেজুরির ভাঙনমারি গ্রামে জোড়া মৃত্যুর ঘটনায় আগামী সোমাবার বিজেপি খেজুরি বনধের ডাক দিয়েছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর নেতৃত্বে জনকা থেকে বিদ্যাপীঠ মোড় পর্যন্ত প্রতিবাদ মিছিল হবে।

উল্লেখ্য, গত শুক্রবার এক ধর্মীয় অনুষ্ঠানের পর সকালে ওই এলাকার কাছেই দুই যুবকের দেহ উদ্ধার ঘিরে চাঞ্চল্য ছড়ায়। মৃতদের নাম সুধীর পাইক ও সুজিত দাস।

*****************

মালদার ইংরেজবাজারে তৃণমূল কংগ্রেস নেতা আবুল কালাম আজাদকে পিটিয়ে ও কুপিয়ে খুনের ঘটনায় শাসক দলেরই পঞ্চায়েত সদস্য সহ চারজনকে পুলিশ গ্রেপ্তার করেছে। ধৃতরা হল কাজীগ্রাম গ্রাম পঞ্চায়েতের সদস্য মইনুল শেখ, তার ভাই সাইদুল এবং দুই ঘনিষ্ঠ সহযোগী ইমারত সেখ ও শহীদ সেখ। তাদের আজ মালদা আদালতে তোলা হলে পাঁচ দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে। প্রাথমিক তদন্তের পরে পুলিশের অনুমান, সম্পর্কের জটিলতা এবং জমি বিবাদের জেরে এই খুন।

উল্লেখ্য, গত বৃহস্পতিবার রাতে ইংরেজবাজারের লক্ষীপুরে স্ত্রীকে নিয়ে জন্মদিনের অনুষ্ঠানে গিয়ে মূল অভিযুক্ত মইনুলের সঙ্গে বচসায় জড়ান তৃণমূল কংগ্রেস নেতা, জমি ব্যবসায়ী আবুল কালাম আজাদ। এরপরই তাঁকে মারধোর করা হয় বলে অভিযোগ। বাধা দিতে গিয়ে জখম হন তাঁর স্ত্রী শিউলিও।

*****************

মালদার মানিকচক থানার শেখপুরা গ্রামে, দু'দিন ধরে নিখোঁজ থাকার পর আমবাগান থেকে মহিলার ঝুলন্ত দেহ উদ্ধারের ঘটনাকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়ায়। খবর পেয়ে মানিকচক থানার পুলিশ দেহ উদ্ধার করে থানায় নিয়ে যায়।
মুশতারা বিবি নামে বছর ৩৪-এর ওই মহিলা গত ৯ তারিখের রাত্রে হঠাৎ নিখোঁজ হয়ে যান। খোঁজাখুঁজি করে হদিস না পেয়ে পুলিশ প্রশাসনের দ্বারস্থ হয় পরিবার। স্থানীয়রা আজ আম বাগানের মহিলার ঝুলন্ত দেহ দেখতে পান। পুলিশ দেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে।

*****************

স্ট্রোক, হৃদরোগ ও ডায়াবিটিসের মতো গুরুতর অসংক্রামক রোগের ওষুধের খাতে রাজ্য সরকার বিশ্বব্যাঙ্কের আর্থিক সহায়তায় নতুন প্রকল্প শুরু করতে চলেছে। 'উন্নত স্বাস্থ্য' নামে এই প্রকল্পে ৭০ শতাংশ খরচ বা ৪ হাজার কোটি টাকা বহন করবে বিশ্বব্যাঙ্ক। বাকি ৩০ শতাংশ দেবে রাজ্য সরকার। রাজ্যের স্বাস্থ্যসচিব নারায়ণ স্বরূপ নিগম

জানান, জাতীয় পরিবার স্বাস্থ্য সমীক্ষা অনুযায়ী, দেশে প্রতি বছর মোট মৃত্যুর ৬৫ শতাংশই এই অসংক্রামক রোগগুলির জন্য হয়। এসব রোগের চিকিৎসায় ব্যয়ও সর্বাধিক।

******************

'সবুজ বাঁচাও' স্লোগানের মধ্য দিয়ে বন মহোৎসব এর সূচনা হয়েছে আজ।
কলকাতার বিধাননগরে অরণ্য ভবনে সকালে দুটি ট্যাবলোর যাত্রা সূচনা করেন রাজ্যের বনমন্ত্রী বীরবাহা হাঁসদা। আগামী বিশে জুলাই পর্যন্ত পরিবেশ নিয়ে মানুষদের সচেতন করবে এই ট্যাবলো দুটি। গাছ লাগিয়ে সবুজায়নের আহ্বান জানান তিনি।

******************

মৌসুমি অক্ষরেখা সক্রিয় থাকায় রাজ্যের সব জেলাতেই আগামী কয়েকদিন বিক্ষিপ্তভাবে বৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে। তবে কোথাও কোথাও স্থানীয় ভাবে বজ্র বিদ্যুৎ সহ ভারী বৃষ্টি হতে পারে বলে আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ সোমনাথ দত্ত জানিয়েছেন।

( বাইট- ওয়েদার সোমনাথ )

*****************************************************************